

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (১) ধারার বিধান অনুসারে
যুগ্ম জেলা জজ ও জজ অর্থস্বর্ণ-১ম আদালত, কিশোরগঞ্জ।

মোকদ্দমা নং-৭/২০১৯ অর্থস্বর্ণ ডিক্রিজারী

ডিক্রিদার : উত্তরা ব্যাংক পিএলসি (সাবেক উত্তরা ব্যাংক লিমিটেড) প্রধান কার্যালয়, ৪৭ শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, যাহার শাখা কার্যালয় কিশোরগঞ্জ শাখার পক্ষে ব্যবস্থাপক, উত্তরা ব্যাংক পিএলসি, কিশোরগঞ্জ শাখা, ডাকঘর- কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

বনাম

দায়িক : ১। মেসার্স দীপু কমিউনিকেশন, প্রোপাইটর। মোঃ এহসানুল ইসলাম দীপু, পিতা-মৃত ফকরুল ইসলাম, ব্যবসায়িক ঠিকানা: ১/১৪ পৌর মার্কেট (জাহাঙ্গীর মোড়), বড়বাজার, ডাকঘর-কিশোরগঞ্জ, থানা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

২। মোঃ এহসানুল ইসলাম দীপু, পিতা-মৃত ফকরুল ইসলাম, মাতা-হাফেজা আক্তার, গ্রাম-পশ্চিম তারাশা, ডাকঘর-কিশোরগঞ্জ, থানা- কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রিদার উত্তরা ব্যাংক পিএলসি, কিশোরগঞ্জ শাখা দায়িক পক্ষের নিকট হইতে বিগত ইং ৩১/০৮/২০১৯ তারিখ পর্যন্ত সুদাসলে= ২০,১৯,২৯২.৪৩ (বিশ লক্ষ উনিশ হাজার দুইশত বিরানব্বই টাকা তেতাল্লিশ পয়সা) টাকাসহ আদায়ফালতক সুদ, আইন খরচ ও অন্যান্য খরচের সাকুল্য পাওনা টাকা আদায়ের লক্ষ্যে যুগ্ম জেলা জজ ও অর্থস্বর্ণ ১ম আদালত, কিশোরগঞ্জ সম্মুখে রক্ষিত নিলামের দরপত্র বাস্তব মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০২/০২/২০২৫ ইং তারিখ দুপুর ৩.০০ (তিন) ঘটিকার মধ্যে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে দরপত্র আহ্বান করা যাইতেছে এবং ঐ দিন বেলা ৩.৩০ ঘটিকার সময় (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হইবে।

শর্তাবলী

- ১। প্রত্যেক দরদাতাকে নিজ প্যাডে অথবা সাদা কাগজে নিজ পরিচয় বিস্তারিত উল্লেখে অত্র নিলাম বিজ্ঞপ্তির কপিসহ উদ্ধৃত দর অনূর্ধ্ব =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ২। দরপত্র সরাসরি নির্দিষ্ট দরপত্র বাস্তব কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে=১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ডিক্রিদার আর্থিক প্রতিষ্ঠান লিখিত দরখাস্ত দাখিল করিয়া দায়িকের সুবিধার্থে সময়সীমা বর্ধিত করিবার জন্য অনুরোধ করিলে আদালত নির্ধারিত সময়সীমার অনূর্ধ্ব ৬০ (ষাট) দিবস পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।
- ৪। উপরে বর্ণিত ৩নং দফার শর্ত অনুসারে দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত যা কম এবং আদালত যদি ডিক্রিদারের আবেদনের সহিত একমত পোষণ করে তাহা হইলে আদালত উক্ত দরপত্র প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবে।
- ৫। উপরের বর্ণিত ৪ দফা মতে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ ডিক্রিদারকে প্রদান করা হইবে। ডিক্রিকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করা হইবে এবং অতঃপর আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহৃত হইবার ৩নং ক্রমিক বর্ণিত শর্তানুসারে নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রিদারের দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ৬। আদালত কর্তৃক গৃহীত দরপত্র দাতাকে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালত যোগে যথাসময়ে বুঝাইয়া দেওয়া হইবে। উক্ত ক্ষেত্রে আইনগত সকল বিধি বিধান প্রযোজ্য হইবে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, মৌজা-যশোদল, জে. এল নং-১১৪ (এস.এ), ৬০ (আর.এস), খতিয়ান নং- সি.এস- ৩৭৯, এস,এ - ২৬৮, খারিজা-১১৮৩, দাগ নং-সি.এস- ১৭৬৩, এস.এ-১৭৬৩, শ্রেণি- বাণিজ্যিক, জমির পরিমাণ-১০,০০ শতাংশ ভূমিসহ টিনশেড বাড়ি।

যাহার বাংলা চৌহদ্দি নিম্নরূপ : উত্তরে-পৌরসভার রাস্তা, দক্ষিণে-রোকন উদ্দিন গং, পূর্বে-নজরুল ইসলাম বুলবুল গং, পশ্চিমে-নজরুল ইসলাম বুলবুল রনু।

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার

যুগ্ম জেলা জজ ও জজ অর্থস্বর্ণ ১ম আদালত, কিশোরগঞ্জ।